

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.৪০.০১৭.২২-২৫৯

তারিখ : ১৭/০৮/১৪২৯ বঙ্গাব্দ  
০১/০৮/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : ইউরিয়া সারের বিক্রয় মূল্য পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : অর্থ বিভাগের পত্র সংখ্যা ০৭.০০.০০০০.১২০.০১৬.০৪৩.২০২১-০৭; তাং- ৩১/০৭/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, চলমান বৈশ্বিক পরিস্থিতিতে আন্তর্জাতিক বাজারে ইউরিয়া সারের মূল্য বৃদ্ধি এবং এর ব্যবহার যৌক্তিক পর্যায়ে রাখার উদ্দেশ্যে ডিলার পর্যায়ে ইউরিয়া সারের সর্বোচ্চ খুচরা মূল্য প্রতিকেজি ১৪.০০ টাকা হতে বৃদ্ধি করে প্রতিকেজি ২০.০০ টাকা এবং কৃষক পর্যায়ে প্রতিকেজি ১৬.০০ টাকা হতে বৃদ্ধি করে প্রতিকেজি ২২.০০ টাকা পুনর্নির্ধারণ করা হলো। পুনর্নির্ধারিত মূল্য ০১ আগস্ট ২০২২ তারিখ থেকে কার্যকর হবে।

০২। উক্ত মূল্য সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা অনুসারে কার্যসম্পাদনের বিষয়ে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- পুনর্নির্ধারিত মূল্য কার্যকরের তারিখে (০১ আগস্ট ২০২২) বিসিআইসি'র ইউরিয়া সার কারখানা সমূহে এবং বাফার গুদামে মজুদের পরিমাণ জরুরীভিত্তিতে কৃষি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- এছাড়াও ০১ আগস্ট ২০২২ তারিখে ডিলারদের নিকট অবিক্রিত ইউরিয়া সারের মজুদ নির্ণয়ের জন্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদনক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার ও স্থানীয় পর্যায়ে বাংলাদেশ ফার্টলাইজার এসোসিয়েশনের একজন প্রতিনিধির সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে নিম্নোক্ত ছক অনুযায়ী সংশ্লিষ্ট ডিলারের অবিক্রিত সারের মজুদ নিরূপণপূর্বক ১৫/০৮/২০২২ ইং তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

ডিলারের নাম ও ঠিকানা	উপজেলার নাম	০১ আগস্ট ২০২২ তারিখে ডিলারের নিকট মজুদকৃত সারের পরিমাণ (মে.টন)	মন্তব্য
১	২	৩	৪
মোট			

- ০১ আগস্ট ২০২২ তারিখের পূর্বে উত্তোলিত এবং ডিলারের নিকট মজুদকৃত ইউরিয়া সার পূর্ব নির্ধারিত মূল্যে কৃষক পর্যায়ে বিক্রয় নিশ্চিত করতে হবে।



(শেখ বদিউল আলম)

উপ-প্রধান

ফোন : +৮৮০২৫৫১০০৬০৬

ই-মেইল : [alam.badiul@gmail.com](mailto:alam.badiul@gmail.com)

বিতরণ (কার্যার্থে) :

- ১। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি .....(সকল)
- ৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ..... (সকল)

অনুলিপি :

- ১। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
- ২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টলাইজার এসোসিয়েশন (বিএফএ), ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
নারায়ণগঞ্জ।

স্মারক নং-১২.১৭.৬৭০০.০৪১.৪০.০০২.২১-৭৬৭(৫)

তারিখ : ০১/০৮/২০২২ খ্রিঃ।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১। উপজেলা কৃষি অফিসার, নারায়ণগঞ্জ সদর/বন্দর/সোনারগাঁ/আড়াইহাজার/রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। পত্রের মর্মানুযায়ী আপনার উপজেলার সকল ডিলারের দোকানে দোকানে/গুদামে গিয়ে ইউরিয়া সারের মজুদ যাচাই করে মজুদ রেজিস্টারে লিপিবদ্ধ করে স্বাক্ষর করে উপরোক্ত ছকে অদ্য ০১/০৮/২০২২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে রিপোর্ট প্রদান করার জন্য বলা হলো।

  
০১/০৮/২২  
(ড. মোঃ আব্দুল মাজিদ)

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
নারায়ণগঞ্জ।

  
০১/০৮/২০২২